## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



৩৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২৭শে চৈত্র বুধবার ১৩৫৮ ইংরাজী 9th April. 1952 | ৪৬শ সংখ্যা



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

২৭শে চৈত্র বুধবার সন ১৩৫৮ সাল।

# লোহার বাসরে কাল নাগ

—•—

চাঁদ সদাগর নাগমাতা মনসা দেবীর অর্চ্চনা না করিয়া তাঁহার অবমাননা করিত। দেবী কুপিতা হইয়া চাঁদ সদাগরের ছয়টী পুত্রের সর্পাঘাতে মৃত্যু ঘটাইয়াছিলেন। জেদী সওদাগর তবুও মনসাকে দেবী বলিয়া না মানিয়া কথায় কথায় বলিতেন—

যে মুখে বলেছি তোরে
চ্যাঙ্-মুড়ী কানি,
সে মুখে বলবো না আর
মনসা ঠাকুরাণী।

ছয়টী পুত্রশোক পাওয়ার পরও চাঁদ সদাগর তাঁর জেদ ছাড়েন নাই। তখনও তাঁর লখিন্দর নামে কনিষ্ঠ পুত্র জীবিত আছেন। গণৎকার জ্যোতিষ গণিয়া বলিয়াছেন—বিবাহের রাত্রিতে বাসর ঘরে সর্প দংশনে লখিন্দরের মৃত্যু হইবে। পুত্রের বিবাহের দিন স্থির করিয়া সদাগর বাসরে সর্প দংশন নিবারণের জন্য লোহার বাসর ঘর নির্ম্মাণের পরিকল্পনা করিলেন। দেবশিল্পী বিশ্বকর্ম্মা বাসর নির্ম্মাণের ভার গ্রহণ করিলেন।

মনসা দেবী বিশ্বকর্ম্মার শরণাপন্ন হইয়া বলিলেন—বেণের ছেলে চাঁদ সদাগর দেবতার অপমান করে, ছয়টী ছেলে সর্পাঘাতে মৃত্যুমুখে পতিত হওয়ার পরও সে আমার অপমান করিতে ছাড়ে না। তুমিও দেবশিল্পী আমিও দেবী। দেবতা হইয়া যদি দেবতার সম্মান বজায় রাখায় সহায়তা না কর, তবে দেবতার সম্মান আর থাকিবে না। এই বলিয়া মনসা দেবী বিশ্বকর্ম্মাকে লোহার বাসর ঘরে সূতোর মত সরু একটী ছিদ্র রাখিতে অনুরোধ করিলেন। সেই ছিদ্র দিয়া কাল নাগ বাসরে প্রবেশ করিয়া লখিন্দরকে দংশন করিবে। যেমন কমিউনিষ্টের বন্ধু কমিউনিষ্ট, কংগ্রেসীর বন্ধু কংগ্রেসী, তেমনি দেবতার বন্ধু দেবতা। মনসার অনুরোধে চাঁদ সদাগরের সহিত বিশ্বাসঘাতকতা করিয়া কারিকর দেবতা বিশ্বকর্ম্মা লোহার বাসরঘরে একটী সূতোর মত সরু ছিদ্র রাখিয়া কালনাগের গমন ও নির্গমনের পন্থা করিয়া দিল। চাঁদ সওদাগরের নিকট পূর্ণ পারিশ্রমিক লইয়াও দেবশিল্পী এই নিমকহারামি করিয়া তাঁহার পুত্রের মৃত্যুর অন্যতম কারণ হইতে লজ্জাবোধ করিল না।

দেশে চোরাকারবারীরা বিষধর কাল নাগ অপেক্ষাও বিষাক্ত প্রবৃত্তি লইয়া দেশে মানবকুল ক্ষয়ের প্রধান কারণ হইয়া দাঁড়াইয়াছে। প্রধান মন্ত্রী হইবার আগে জহরলালজী ইহাদের লাইট-পোষ্টে ফাঁসি দিবার পাঁইতারা করিয়াছিলেন। বর্ত্তমানে আইনের লোহার বাসর করিয়া ইহাদের গমনাগমন নিবারণের ব্যবস্থা করা হইয়াছিল। আইনগঠনকারী বিধান সভার সদস্যগণের মধ্যেও কালাবাজারীর বন্ধুর অভাব নাই। আইনের দুর্ভেদ্য লৌহ কবাটের মধ্যেও বড় বড় ফাঁক রাখিয়া চোরা-কারবারীর গমনাগমনের পথ সুগম করিয়া দেওয়া হইয়াছে।

কলিকাতা হাইকোর্টের একটি স্পেশাল বেঞ্চ পশ্চিম বাঙ্গলা চোরা কারবার আইনের ১২(১) ধারা ও পশ্চিম বাঙ্গলা সংক্ষৌ (বিশেষ আদালত) আইনের ৪(১) ধারা বিধান সভার ক্ষমতা বহির্ভূত বলিয়া ঘোষণা করিয়াছেন। যে যুক্তিতে তাঁহারা এই সিদ্ধান্ত করিয়াছেন, তাহাতে আইন রচনা-কারীদের ত্রুটি পরিস্ফুট হইয়া উঠিয়াছে। চোরা কারবারকে বিশেষ অপরাধ বলিয়া গণ্য করার উদ্দেশ্যে কিম্বা নির্দ্দিষ্ট কোন অপরাধের বিচার করার উদ্দেশ্যে বিশেষ আদালত গঠনের জন্য আইন রচনা করিতে বিধান সভার ক্ষমতা তাঁহারা অস্বীকার করেন নাই। তাঁহারা মাত্র বলিয়াছেন যে,—আলোচ্য দুইটী আইনে একই অপরাধ সম্পর্কে বিভিন্ন অপরাধীর মধ্যে বৈষম্যমূলক ব্যবহার করার অবাধ ক্ষমতা সরকারকে অর্পণ করা হইয়াছিল। অর্থাৎ একই ধরণের অপরাধ সম্পর্কে একাধিক ব্যক্তি ধরা পড়িলে সরকার কাহারও বিরুদ্ধে মামলা রুজু করিয়া কাহাকেও বেকসুর ছাড়িয়া দিতে পারেন। রায়ে আরও প্রকাশ, কাগজে কলমে ক্ষমতা পাইয়াই সরকার নিষ্ক্রিয় ছিলেন না, বহু-ক্ষেত্রে তাঁহারা ধৃত ব্যক্তিদিগকে ছাড়িয়াও দিয়াছেন—আবার কোন কোন ক্ষেত্রে বিশেষ আদালত গঠন করিয়া মামলা চালাইতেছেন। বিচারপতি-দিগের মতে একই অপরাধ সম্পর্কে ধৃত বিভিন্ন ব্যক্তির মধ্যে এইরূপ বৈষম্যমূলক ব্যবস্থা শাসন-তন্ত্রের ১৪ নম্বর অনুচ্ছেদের বিরোধী ; ঐরূপ কোন আইন রচনা করার ক্ষমতা বিধান পরিষদের নাই। তাঁহারা আরও বলিয়াছেন যে—একই অপরাধ সম্পর্কে ধৃত প্রত্যেক ব্যক্তি সম্পর্কে সাধারণ কোন আইন রচনা করিলে তাহা অসিদ্ধ হইত না ; অর্থাৎ আইনে যদি এরূপ ব্যবস্থা থাকিত যে, প্রত্যেক ধৃত ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু করা হইবে কিম্বা এই অপরাধ সম্পর্কে প্রত্যেক আসামীর বিচার করার জন্য বিশেষ আদালত গঠন করা হইবে—তাহা হইলে আইনটি সম্পূর্ণ সিদ্ধ হইত। দেখা যাইতেছে যে, পশ্চিম বাঙ্গলা সরকার কোন কোন চোরা-কারবারীকে আদালতে না পাঠাইয়া ছাড়িবার ক্ষমতা হাতে রাখিয়াছিলেন—এবং ছাড়িয়াও দিতে-ছিলেন বলিয়া এই বিপত্তি ঘটিয়াছে। সরকারী ক্ষমতার এরূপ ব্যভিচার দেশ কতদিন সহিবে।

---

## যুবকর্ম্মিদের দ্বারা রাস্তা নির্ম্মাণ

জলপাইগুড়ি জেলার বেলাকোবা শিবিরের যুবকেরা স্থানীয় লোকদের সহযোগিতায় এক সপ্তাহে প্রায় তিন পোয়া মাইল লম্বা একটি রাস্তা নির্ম্মাণ করিয়া ঐ অঞ্চলের বহু দিনের একটি অসুবিধা দূর করিয়াছে। গত ২৭ মার্চ্চ তারিখ প্রেসিডেন্সি বিভাগের কমিশনর শ্রীজে, এন, তালুকদার, আই, সি, এস, জলপাইগুড়ির ডেপুটি কমিশনার শ্রীএস, দত্ত মজুমদার, আই, এ, এস এবং শ্রীযুক্তা দত্ত মজুমদার সহ উক্ত যুবশিবিরে একটী অনুষ্ঠানে যোগদান করিতে আসিয়া উক্ত রাস্তা জনসাধারণের জন্য খুলিয়া দেন। শ্রীযুক্তা দত্ত মজুমদার শিবিরে যুবকদের মধ্যে তাহাদের সমাজকল্যাণমূলক কাজের জন্য পুরস্কার বিতরণ করেন। উপস্থিত সকলেই যুবকদের কাজের ভূয়সী প্রশংসা করেন এবং তাহা-দের সমাজকল্যাণমূলক কাজে অধিকতর মনোযোগ দিতে উপদেশ দেন। (বেসরকারী বিজ্ঞপ্তি)

---

## টেকুসটাইল লাইসেন্সের মেয়াদ বৃদ্ধি

পশ্চিমবঙ্গ সরকারের সরবরাহ বিভাগ পশ্চিমবঙ্গের বিভিন্ন শ্রেণীর টেকুসটাইল লাইসেন্সধারীদের জানাইতেছেন যে সকল রকম টেকুসটাইল লাইসেন্সের মেয়াদ আগামী ৩০শে জুন পর্য্যন্ত বাড়াইয়া দেওয়া হইয়াছে। (সরকারী বিজ্ঞপ্তি)

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## *নিলামের দিন ২৮শে এপ্রিল ১৯৫২*

### ১৯৫০ সালের ডিক্রীজারী

৪৪ মান ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং আইউব আলি বিশ্বাস দিং দাবি ৬২২৷৵৩ থানা সমসেরগঞ্জ মৌজে দাঁতিয়া অনন্তপুর ৪/০৯ জমির কাত ৬৲ আঃ ৭৫৲ ২নং লাট মৌজাদি ঐ ৮/০৫৬ জমির কাত ১২৲ আঃ ১০০৲ ৩নং লাট মৌজাদি ঐ ১৯২৷৩৻১৭ জমির কাত ৯৬৸৭ তন্মধ্যে ১২/০ বিঘা ৬৲ আঃ ৫০৲

### ১৯৫১ সালের ডিক্রীজারী

৪১৯ থাং ডিঃ ধরণীধর দেবনাথ কবিরাজ দিং দেং মোহিনীমোহন চক্রবর্ত্তী দিং দাবি ৩১/৯ থানা সাগরদীঘি মৌজে বোহরগ্রাম ২-৩৯ শতকের কাত ৪৻১০ আঃ ২০৲ থং ৩৪০ রায়ত স্থিতিবান

৩৭৭ থাং ডিঃ মোহিনীমোহন চট্টোপাধ্যায় দেং সুধাকর রায় দিং দাবি ৮৭৷/২ থানা সাগরদীঘি মৌজে দুর্গাপুর দিং ২৬-৩৫ শতকের কাত ১১৷৵৫ পাই আঃ ৫০৲ থং ৮৬, ৩২১, ১৬২, ৬৫, ১৮৪, ২৫, ৭৪

### ১৯৫২ সালের ডিক্রীজারী

৬২ থাং ডিঃ ইদৃশ মহাম্মদ মিঞা দিং দেং হাজি আবদুল রহমান সেখ দিং দাবি ২১৵৩ থানা সাগরদীঘি মৌজে ফুলবন ৯৩ শতকের কাত ৩৲ আঃ ১০৲ থং ৫৮৬

৬৩ থাং ডিঃ বিনয়কুমার ভট্টাচার্য্য দিং দেং দিগম্বর চট্টোপাধ্যায় দিং দাবি ১৭০৷৵৬ থানা সাগরদীঘি মৌজে জিনদীঘি ৬-৭৪ শতকের কাত ৩৬৸১২৷০ আঃ ১৫০৲ থং ৩১৩ রায়ত স্থিতিবান

১০ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং দৌলতনেসা মৃতান্তে ডুবরী ওরফে সায়রাতন বিবি দাবি ৬৫৸৶/৪ থানা সাগরদীঘি মৌজে বুধি ৭৩৩ শতকের কাত ২০৵৬ আঃ ১০৲ থং ৩৫

১২ থাং ডিঃ ঐ দেং বৃন্দাবনবিহারী ভট্টাচার্য্য দিং দাবি ৬৮৶/৩ মৌজাদি ঐ ৬১২ শতকের কাত ১৯৶/৯ আঃ ২০৲ থং ৬৪

১৯ থাং ডিঃ ঐ দেং বিভূতিভূষণ রায় দিং দাবি ১৮৻৯ থানা ঐ মৌজে খৈরাটী ১৭ শতকের কাত ২৷৶/০ আঃ ৫৲ থং ৬১৪

২০ থাং ডিঃ সেবাইত জীবনকৃষ্ণ ঘোষ দিং দেং নলিনীকুমার চৌধুরী দাবি ৪৫৸৬ থানা সাগরদীঘি মৌজে খেরুর ২৩২ শতকের কাত ২৷৶/০ আঃ ১০৲ থং ১৮৮ অধীনস্থ থং ১৮৯

৭৮ থাং ডিঃ নেহালিয়া ষ্টেটের ট্রাষ্টিগণ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং জামর্দ্দী বিশ্বাস দিং দাবি ৮৪৷০ থানা সাগরদীঘি মৌজে চামুণ্ডা ৪-৪৮ শতকের কাত ১৫৷৶/০ আঃ ১০৲ থং ৭৪

১৮ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং শৈলজাসুন্দরী দাসী দাবি ৩৫৸০ থানা সাগরদীঘি মৌজে তাঁতিবিড়ল ৩-৪৬ শতকের কাত ৯৸/৬ পাই আঃ ২৫৲ থং ৪৫

২৫ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং বাবর আলি সেখ দাবি ৩৬৷৶/০ থানা সাগরদীঘি মৌজে ব্রাহ্মণীগ্রাম ৯৫ শতকের কাত ৪৷৵০ আঃ ১০৲ থং ৩৫১

৪২ থাং ডিঃ ঐ দেং রঘুনাথ দাস দাবি ৩৩৵৬ মৌজাদি ঐ ১-৪ শতকের কাত ৬৷/০ আঃ ২৫৲ থং ২২৭

৪৩ থাং ডিঃ ঐ দেং শ্যামমহম্মদ বিশ্বাস দিং দাবি ১৬৸/৯ থানা ঐ মৌজে খাড়ুগ্রাম ৪৯ শতকের কাত ২৷/৫ আঃ ৫৲ থং ৩১২

৪৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৯৷/৬ মৌজাদি ঐ ২-২২ শতকের কাত ১২৸৵৮ আঃ ২৫৲ থং ৩১১

৪৫ থাং ডিঃ ঐ দেং তরণীকান্ত সাহা দিং দাবি ৭৭৵৯ মৌজাদি ঐ ৩-১৩ শতকের কাত ২৪৻৯ আঃ ৪০৲ থং ২৪৭

৪৬ থাং ডিঃ ঐ দেং শ্বেতবরণী দাসী দাবি ২৯৷৯ মৌজাদি ঐ ১-১ শতকের কাত ৫৵০ আঃ ১৫৲ থং ১৬৫

৪৭ থাং ডিঃ ঐ দেং আশালতা সাহা দিং দাবি ৪৬৸৵৯ মৌজাদি ঐ ১-৫৫ শতকের কাত ৯৶/০ আঃ ২৫৲ থং ২৪৮

৭৪ থাং ডিঃ নীরেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং রমাপদ আচার্য্য দাবি ১৩৷৶/০ থানা সাগরদীঘি মৌজে দক্ষিণগ্রাম ৪৪ শতকের কাত ১৶/৯ আঃ ১০৲ থং ১৪০

৩৩ থাং ডিঃ অমিয়কুমার ঘোষ মজুমদার দিং দেং হেমলতা চৌধুরাণী দাবি ৩৯০৶/৩ থানা সমসেরগঞ্জ মৌজে মহিষাস্থলী দিং ৮টী মৌজার দরপত্তনী জমা ১৩৫৸৵০ আঃ ১০০৲ থং ৫, ৬৩, ১২২, ৬

৬০ থাং ডিঃ কৃষ্ণপ্রসন্ন ঘোষ দিং দেং কুতুরুদ্দিন সেখ দিং দাবি ৩৯৶/৯ থানা সমসেরগঞ্জ মৌজে আলমসাহী ১৭৩ শতকের কাত ৫৲ আঃ ২৫৲ থং ১৮, ১৭, ২৪

৮ থাং ডিঃ সেবাইত মহান্ত রামদাস আউলিয়া দেং বস্তি সেখ দাবি ১১৷৶/৯ থানা সাগরদীঘি মৌজে দস্তরহাট ৮ শতকের কাত ৸৵১২৷ আঃ ১০৲ থং ৮০

৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৸৵০ মৌজাদি ঐ ১৩ শতকের কাত ১৷৶/১০

৩৬ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং নিমাইচন্দ্র রায় দিং দাবি ১২৷/০ থানা সাগরদীঘি মৌজে কান্তনগর ৩২ শতকের কাত ৸৶/৬ আঃ ৫৲ থং ৩৩৩

৩৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৷৩ মৌজাদি ঐ ৪৭ শতকের কাত ২৲ আঃ ৯৲ থং ২৩৩

৩৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৷৵০ মৌজাদি ঐ ১০৮ শতকের কাত ১৷/৯ আঃ ৭৲ থং ৩৩২

৩৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৷৵৩ মৌজাদি ঐ ২২ শতকের কাত ৸৪ পাই আঃ ৪৲ থং ৩৩৪

৪০ থাং ডিঃ ঐ দেং কলিম সেখ দিং দাবি ২৬৸৶/০ মৌজাদি ঐ ৪০ শতকের কাত ৩৵৯ আঃ ২০৲ থং ৪৪৮

৪১ থাং ডিঃ ঐ দেং ঝাঁটু সেখ দাবি ২৮৵০ মৌজাদি ঐ ৯৭ শতকের কাত ৪৵০ আঃ ২০৲ থং ২৫৪

——

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ২৮শে এপ্রিল ১৯৫২

১৯৫২ সালের ডিক্রীজারী

২১ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং মতিউল্লা বিশ্বাস দাবি ৫৪৮/০ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৩-৪২ শতকের কাত ১২৵০ আঃ ৪৫৲ খং ৫৮০

২৯ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং নবীন মণ্ডল দিঃ দাবি ২৭৶০ থানা ফরক্কা মৌজে সুদনা ৪/২৲১৮ জমির কাত ৪।৩ আঃ ২০৲

৭১ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং বিভাবতী ঘোষ দিং দাবি ৩৫৮৵৩ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর দিঘরী ১-২৯ শতকের কাত ৯৮৵৯ আঃ ২০৲ খং ২২৬০ রায়ত স্থিতিবান

৭০ থাং ডিঃ ঐ দেং বিশ্বম্ভর মণ্ডল দিং দাবি ১৯।/৯ মৌজাদি ঐ ১৯ শতকের কাত ২৶১ আঃ ১০৲ খং ২২১৭ ঐ স্বত্ব

৬৮ থাং ডিঃ ঐ দেং গিরিশচন্দ্র মণ্ডল দাবি ২৯৮৶৩ থানা ফরক্কা মৌজে বেওয়া ৪-৩৬ শতকের সেস ৮৵৭ পাই আঃ ১৫৲ খং ১৫১৫ অধীনস্থ খং ১৫১৬ নিষ্কর স্বত্ব


৬৭ থাং ডিঃ ঐ দেং আনন্দ মণ্ডল দিং দাবি ৩১।৯ থানা ঐ মৌজে শ্রীমন্তপুর ১-৫২ শতকের কাত ৩।৩ আঃ ১২৲ খং ৪০৫ রায়ত স্থিতিবান

৬৪ থাং ডিঃ ঐ দেং যোগী মণ্ডল দিং দাবি ১৮৲৫ থানা ঐ মৌজে বেনিয়াগ্রাম ৯৭ শতকের কাত ১।৵৪ আঃ ৭৲ খং ১২৭ অধীনস্থ খং ১১৮ মোকররী স্বত্ব

৬৫ থাং ডিঃ ঐ দেং জানকীনাথ মণ্ডল দিং দাবি ৪৮॥৵৪ মৌজাদি ঐ ৫-২ শতকের কাত ৭॥৶১০ আঃ ৩৫৲ খং ১১১ ঐ স্বত্ব

৬৬ থাং ডিঃ ঐ দেং সোলেমান সেখ দিং দাবি ১৬॥৶৩ মৌজাদি ঐ ৪৭ শতকের কাত ১৵৩ আঃ ৫৲ খং ৫৬৮ রায়ত স্থিতিবান

---




রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত